# শিবের ঘর

▣ সঞ্জয় চক্রবর্তী

বর্ষা গেল শরৎ এল,
ফুটল কত ফুল,
চারিদিকে বাজছে শুধু
ঘন্টা কাঁসর ঢোল।
নদীর পারে ফুটছে দেখ
সাদা কাশ ফুল,
শিশির পড়তে এ সময়ে
হয়নি কোন ভুল।
মা আসবেন বলে জাগে
সবার মনে আশা,
অনেক দুঃখী আছে
দেখ হয়ে নিরাশা।
বড়লোকের পূজা বড়
অনেক সাজ গোজ,
গরীব যারা আছে দেখ
নেয় না কোন খোঁজ।
কৈলাসেতে আছেন মা
গরীব শিবের ঘর;
নতুন কাপড় দেয়না শিবে
ঋণের বড় ডর।
কাতু-গনু বলেছে বাবা
কোট প্যান্ট এবার চাই,
ধুতি পরে মর্ত্য লোকে
সম্মান নাহি পাই।
সতু-লখু বলে এবার
মডেল হব ভাই
এবার পূজায় দেখাবো মোদের
পয়সার অভাব নাই।
শিব বলে দেখরে তোরা
বাড়াসনে আর আড়ম্বর,
বাঘের ছাল ছোট হক
আমি নইতো দিগম্বর ।
কাতু-গনু শুনে বলে
বলছ কি বাবা,
'বন্যপ্রানী' আইন হয়েছে
মর্ত্যে পড়বে ধরা।
শিব বলে হেসে হেসে
বুদ্ধি আমার আছে,
স্মাগলারদের সাথে আমি
যোগ দেব শেষে।
সতু-লখু বলে বাবা
লজ্জা তোমার নাই,
মাসির পায়ের নীচে আছো
মায়ের ত্রিশূল চাই ?
দেশ ভর্তি মিডিয়া বাবা
ঘুরছে সব জায়গায়,
'তোহলকা' কান্ড ঘটলে
কৈলাসে থাকা দায়।
শিব যে হলেন দিশাহারা
শান্তি নাই তার ঘরে,
বিশ্বায়নের যাঁতাকলে
দেবতারাও মরে।